

২১ সেপ্টেম্বর, ২০১৫

প্রিয় পিতামাতা,

প্রত্যেকটি স্কুল তার শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ এবং সহায়ক শিক্ষণ পরিবেশ প্রদান নিশ্চিত করবে সেবিষয়টি মেয়র এবং আমার কাছে মূল অগ্রাধিকার। গত দেড় বছর যাবত আমরা ভাবছি কীভাবে সর্বাধিক ইতিবাচক স্কুল সংস্কৃতি এবং পরিবেশ তৈরি করা যায় যেখানে নিরাপদে শিক্ষাদান এবং শিক্ষণ চলবে। সেই লক্ষ্যে, অন্য সিটি এজেন্সিসমূহ, কমিউনিটি অংশীদার, অ্যাডভোকেট, প্রিন্সিপ্যাল, শিক্ষক, এবং পিতামাতার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার পর, আমরা এপ্রিলে শিক্ষার্থী শিক্ষণ সহায়তার জন্য একটি নতুন *সিটিওয়েইড আচরণগত প্রত্যাশা (শিক্ষার্থী ইন্টারভেনশন অ্যান্ড ডিসিপ্লিন কোড)* গ্রহণ করেছি। শৃঙ্খলা বিধিতে পরিবর্তন হস্তক্ষেপ, সহায়ক পদক্ষেপ এবং প্রগতিশীল এবং অধিক উন্নত যথাযথ শৃঙ্খলার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক শিক্ষার্থী আচরণ বৃদ্ধি করবে। ২০১৫-২০১৬ স্কুল বছরে আমরা এই শৃঙ্খলা বিধির ব্যবহার অব্যাহত রাখবো।

সহায়ক স্কুল পরিবেশ সৃষ্টিই শৃঙ্খলা বিধির উদ্দেশ্য যেখানে শিক্ষার্থীরা সামাজিক এবং অ্যাকাডেমিক- উভয়ভাবে বেড়ে উঠতে পারে এবং স্কুল কমিউনিটির নিরাপত্তা নিশ্চিত করে। ফলত, স্কুল কমিউনিটির সকল সদস্যকে --শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাকে, আচরণের মান যা সব শিক্ষার্থীর মেনে চলা প্রত্যাশিত, এবং এসব নিয়মকানুন লঙ্ঘনের পরিণাম কী হতে পারে তাও জানতে ও বুঝতে হবে। আমরা আপনাকে বিধিটি পর্যালোচনা করতে এবং আপনার সন্তানের সাথে আলোচনা করতে উৎসাহিত করি। অনলাইনে দশটি ভাষায় পূর্ণ শৃঙ্খলা বিধিটি নিচে উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে: <http://schools.nyc.gov/RulesPolicies/DisciplineCode/default.htm> অথবা আপনার সন্তানের স্কুল থেকে কাগজের কপিও পেতে পারেন।

ডিসিপ্লিন কোড বা শৃঙ্খলা বিধিটি দুই ভাগে বিভক্ত: সেকশন A কে-৫ গ্রেড এবং সেকশন B ৬-১২ গ্রেডের জন্য। প্রতিটি সেকশনে আবার “অসহযোগিতামূলক আচরণ” থেকে শুরু করে “সহিংস আচরণ” পর্যন্ত পাঁচটি নিয়মভঙ্গের স্তরের পাশাপাশি একটি সুবিন্যস্ত শৃঙ্খলাবিধি এবং তদ্ব্যবধানমূলক হস্তক্ষেপ রয়েছে যা স্কুলকর্মীরা প্রয়োগ করতে পারেন। সম্ভাব্য গাইডেন্স হস্তক্ষেপের অন্তর্ভুক্ত কাউন্সিলিং, মধ্যস্থতা এবং গাইডেন্স কনফারেন্স। অসদাচারণের প্রকৃতি অনুযায়ী যেসব শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা রয়েছে, তার মধ্যে আছে পিতামাতার সাথে বৈঠক, আটক বা সাময়িক বহিষ্কার। এছাড়া, শৃঙ্খলা বিধিতে অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থী অধিকার এবং দায়িত্ববোধের বিল। সকল শিক্ষার্থীর জন্য শৃঙ্খলা বিধি প্রযোজ্য। এই বিধিতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্যও বাড়তি সুরক্ষা ব্যবস্থা রয়েছে।

শৃঙ্খলা বিধিতে যেসব মান বর্ণিত আছে সেগুলি প্রযোজ্য হয় তখনই যখন: স্কুল চলাকালে শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি করা হয়, যা স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানসমূহে অথবা ডিপার্টমেন্ট অভ এডুকেশন অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে এবং স্কুলের সম্পত্তি ব্যতীত অন্য কোথাও হতে পারে এবং যখন এটি প্রমাণ করা যাবে যে বিষয়টি শিক্ষা প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব বিস্তার করছে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা কল্যাণের হানি ঘটাবে।

পিতামাতাদেরকে স্কুলের নিরাপত্তা বজায় রাখতে সক্রিয় অংশীদার হিসেবে রাখতে আমাদের স্কুল সচেষ্ট থাকে। আমাদের শিক্ষার্থীদের জন্য আমাদের স্কুল কমিউনিটিকে আরও উন্নত, শক্তিশালী, এবং নিরাপদ রাখতে আপনার সহায়তার জন্য আপনাকে ধন্যবাদ। আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে ফোন করুন।

বিশ্বস্ত,

চ্যান্সেলর